

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯০৬

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ সংকর্মশীল ব্যক্তিদের সম্পর্কে সংবাদ দেওয়ার উদ্দেশ্য হলো মনের দুঃখ-কষ্টকে লাঘব করা

ذِكْنُ الْإِخْبَارِ عَنْ أَنْبَاءِ الصَّالِحِينَ قَصنْدُهُ تَسْهِيلُ الشَّدَائِدِ عَلَى النَّفْسِ

আরবী

2906 _ أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ أَخْبَرَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَمْرِو الْبَجَلِيُّ أَخْبَرَنَا زُهَيْرُ بْنُ مُعُاوِيَةَ أَخْبَرَنَا الْأَعْمَشُ عَنْ شَقِيقٍ عَنْ عَبْدِ اللَّهِ: أَنَّ رَجُلًا قَالَ لِشَيْءٍ قَسَمَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَا عَدْلَ فِي هَذَا قَالَ: فَقُلْتُ: وَاللَّهِ لأُخبرن رَسُولَ اللَّهِ فَأَخْبَرْتُهُ فَقَالَ: (يَرْحَمُ اللَّهُ مُوسَى قَدْ كَانَ يُصِيبُهُ أَشَدُّ من هذا ثم يصبر)

الراوي: عَبْد اللَّهِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2906 | خلاصة حكم المحدث: صحيح ـ: ق.

বাংলা

২৯০৬. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি জিনিস বন্টন করলে এক ব্যক্তি বলে. "তিনি এটাতে ইনসাফ করেননি!"

আব্দুল্লাহ বিন মাস'উদ রাদিয়াল্লাহু আনহু বলেন, "আমি বললাম, অবশ্যই আমি বিষয়টি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জানাবো। অতঃপর আমি বিষয়টি তাঁকে জানালে তিনি বলেন, "আল্লাহ মুসা আলাইহিস সালামের প্রতি রহম করুন। তাঁকে এর চেয়েও বেশি কস্ট দেওয়া হয়েছে। তারপরও তিনি ধৈর্য ধারণ করেছেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৪১১; সহীহুল বুখারী: ৩৪০৫; সহীহ মুসলিম: ১০৬২; বাগাবী: ৩৬৭১।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন



আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৯০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন